সমকাল

তারিখ ১২ JAN 2018
পৃষ্ঠা ২ কলাম ২

# ইবতেদায়ি শিক্ষকদের অনশনে অসুস্থ আরও ৭৪ জন

■ সমকাল প্রতিবেদক

জাতীয়করণের দাবিতে ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের আমরণ অনশন অব্যাহত রয়েছে। তীব্র শীতের মধ্যে জাতীয় প্রেস ক্লাবের সামনের ফুটপাত ও রাস্তায় বসে কর্মসূচি পালন করতে গিয়ে অনেক শিক্ষক অসুস্থ হয়ে পড়েছেন। অবস্থান ধর্মঘটের ৮ দিন এবং অনশনের তিন দিন পার হলেও দাবি পূরণের বিষয়ে সরকারের পক্ষ থেকে তারা কোনো আশ্বাস পাননি। দাবি পূরণ না হওয়া পর্যন্ত অনশন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষক নেতারা।

বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি কারি রুহুল আমিন চৌধুরী বলেন, বৃহস্পতিবার অনশনের তৃতীয় দিনে ৭৪ শিক্ষক অসুস্থ হয়েছেন। তাদের মধ্যে অনেককে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। কেউ কেউ হাসপাতালে ভর্তি হয়েছেন।

শিক্ষকরা জানান, দীর্ঘদিন বিনা বেতনে চাকরি করতে করতে তাদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। জাতীয়করণ ছাড়া তাদের আর কোনো পথ খোলা নেই। সরকার প্রাথমিক শিক্ষাকে জাতীয়করণ করেছে। তারাও তো প্রাথমিক শিক্ষার অন্যতম অংশ। তাহলে তাদের কেন বাকি রাখা হবে? তাদের বিশ্বাস, প্রধানমন্ত্রীকে বিষয়টি ঠিকমতো বোঝালে তিনি নিরাশ করবেন না।

সমিতির দপ্তর সম্পাদক মো. ইনতাজ বিন হালিম সমকালকে বলেন, তীব্র শীতে খোলা আকাশের নিচে বসে থাকতে হচ্ছে। কিন্তু আমাদের এ দুঃখ-কষ্ট দেখার কেউ নেই। দ্রুত আমাদের দাবি মেনে নেওয়ার জন্য প্রধানমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

১ থেকে ৮ জানুয়ারি পর্যন্ত প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট পালন করেন ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা। ৯ জানুয়ারি থেকে লাগাতার অমরণ অনশন কর্মসূচি পালন করছেন তারা।

জানা যায়, মাদ্রাসা বোর্ডের নিবন্ধন পাওয়া ১০ হাজারের মতো স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা আছে। এতে শিক্ষকের সংখ্যা প্রায় ৫০ হাজার। মাত্র এক হাজার ৫১৯টি ইবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষক দুই হাজার ৫০০ টাকা ও সহকারী শিক্ষকরা দুই হাজার ৩০০ টাকা ভাতা পান। বাকি শিক্ষকরা দীর্ঘদিন ধরে বিনা বেতনে চাকরি করছেন।



জাতীয়করণের দাবিতে অনশন কর্মসূচির সময় বৃহস্পতিবার অসুস্থ হয়ে পড়লে কয়েকজন ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষককে স্যালাইন দেওয়া হয় ■ সমকাল